

🗏 আর-রাহমান | Ar-Rahman | ٱلرَّحْمُٰن

আয়াতঃ ৫৫: ৫২

আরবি মূল আয়াত:

فِيهِمَا مِن كُلِّ فَاكِهَۃٍ زَوجٰنِ ﴿٥٦﴾

উভয়ের মধ্যে প্রত্যেক ফল থেকে থাকবে দু' প্রকারের। — আল-বায়ান উভয় বাগানে আছে প্রত্যেকটি ফলের দু'টি প্রকার। — তাইসিরুল উভয় উদ্যানে রয়েছে প্রত্যক ফল, জোড়ায় জোড়ায়। — মুজিবুর রহমান

In both of them are of every fruit, two kinds. — Sahih International

৫২. উভয় উদ্যানে রয়েছে প্রত্যেক ফল দুই দুই প্রকার।(১)

(১) এখানে প্রথমোক্ত উদ্যানদ্বয়ের বিশেষণে (مِنْ كُلِّ فَاكِهَةٍ زَوْجَانِ) বলে ব্যক্ত করা হয়েছে যে, এগুলোতে সর্বপ্রকার ফল থাকবে। এর বিপরীতে শেষোক্ত উদ্যানদ্বয়ের বর্ণনায় শুধু فَاكَهَةً হরেছে। كَنْ এর অর্থ এই যে, প্রত্যেক ফলের দুটি করে প্রকার হবে - শুষ্ক ও আর্দ্র। অথবা সাধারণ স্বাদযুক্ত ও অসাধারণ স্বাদযুক্ত। অথবা, উভয় বাগানের ফলই হবে সম্পূর্ণ ভিন্ন ধরনের এবং স্বতন্ত্র বৈশিষ্টপূর্ণ। এক বাগানে গেলে গাছের শাখা প্রশাখায় প্রচুর ফল দেখতে পাবে। অপর বাগানে গেলে সেখানকার ফলের অবস্থা সম্পূর্ণ ভিন্ন দেখতে পাবে। অথবা, এর প্রতিটি বাগানের এক প্রকারের ফল হবে তার পরিচিত। তার সাথে সে দুনিয়াতেও পরিচিত ছিল-যদিও তা স্বাদে দুনিয়ার ফল থেকে অনেক প্রেষ্ঠ হবে। আর আরেক প্রকার ফল হবে বিরল ও অভিনব জাতের-দুনিয়ায় যা সে কোন সময় কল্পনাও করতে পারেনি। [দেখুন: ইবন কাসীর; কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৫২) উভয় (বাগানে) রয়েছে প্রত্যেক ফল দুই প্রকার। [1]

[1] অর্থাৎ, স্বাদ ও মজার দিক দিয়ে প্রতিটি ফল হবে দুই প্রকার। আর তা হবে বিশেষ অনুগ্রহের অতিরিক্ত একটি চিত্র। কেউ কেউ বলেছেন, এক প্রকার হবে শুকনো ফলের এবং অপরটি হবে টাটকা ফলের মজা।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন